

2020

PHILOSOPHY — GENERAL

Paper : SEC-A(a)

(Logical Reasoning and Application)

Full Marks : 80

Candidates are required to give their answers in their own words
as far as practicable.

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

১। ঠিক উত্তরটি চিহ্নিত করো (যে-কোনো দশটি) :

১×১০

(ক) ন্যায় মতে লৌকিক সন্নির্কর্ষ কয় প্রকার?

(অ) চার প্রকার (আ) ছয় প্রকার (ই) আট প্রকার (ঈ) দশ প্রকার

(খ) 'গন্ধত্ব' প্রত্যক্ষে কোন্ সন্নির্কর্ষ ব্যবহৃত হয়?

(অ) সংযোগ (আ) সমবায় (ই) সংযুক্ত সমবায় (ঈ) সংযুক্ত সমবেত সমবায়

(গ) যে অনুমানের ব্যাপ্তি কেবলমাত্র অম্বয়ী পদ্ধতির দ্বারা প্রতিষ্ঠিত, সেই অনুমানকে _____ অনুমান বলা হয়।

(অ) কেবলাম্বয়ী (আ) কেবলব্যতিরেকী (ই) অম্বয়ব্যতিরেকী (ঈ) কোনোটিই না

(ঘ) "শব্দ নিত্য, যেহেতু শব্দে শ্রবণত্ব আছে এবং শব্দ অনিত্য যেহেতু শব্দ উৎপত্তিশীল।"— এই অনুমানের হেতু হল

(অ) সৎপ্রতিপক্ষ (আ) বিরুদ্ধ (ই) অসাধারণ (ঈ) স্বরূপাসিদ্ধ।

(ঙ) 'পরামর্শর্জন্যম্ জ্ঞানম্ অনুমিতি'— অনুমিতির এই লক্ষণটি কার প্রদত্ত?

(অ) গৌতম (আ) অন্নমভট্ট (ই) গঙ্গেশ উপাধ্যায় (ঈ) কণাদ

(চ) 'পর্বত ধূমবান কারণ পর্বত বহিমান'— এই অনুমানে 'পর্বত' হল

(অ) হেতু (আ) সাধ্য (ই) পক্ষ (ঈ) কোনোটিই নয়।

(ছ) তথ্যপূর্ণ, ভাবপ্রবণ এবং নির্দেশক— এগুলি _____ ভাষার প্রকারভেদ।

(অ) আইনি (আ) সম্ভাব্যতা (ই) যুক্তিবৈজ্ঞানিক (ঈ) সাহিত্যিক।

(জ) যে মামলায় হত্যাকারীর বিচার হয়, তাকে কী ধরনের মামলা বলে?

(অ) দেওয়ানি (আ) ফৌজদারি

(ই) দেওয়ানি ও ফৌজদারি (ঈ) কোনোটিই না।

Please Turn Over

(ঝ) একটি আপীল আদালত অবশ্যই আইনের বিধিগুলি _____ করে _____ করবে।

(অ) প্রণয়ন, শনাক্ত

(আ) শনাক্ত, প্রণয়ন

(ই) প্রণয়ন, সমালোচনা

(ঈ) শনাক্ত, সমালোচনা।

(ঞ) আইনের ক্ষেত্রে সাধারণত কোন ধরনের সংজ্ঞা ব্যবহৃত হয়?

(অ) প্রণোদক সংজ্ঞা

(আ) প্রবর্তক সংজ্ঞা

(ই) সুনির্দিষ্ট সংজ্ঞা

(ঈ) কোনোটিই নয়।

(ট) 'কুতর্ক' কাকে বলে?

(অ) আপাতনির্ভুল মিথ্যা যুক্তি

(আ) আপাতমিথ্যা সত্য যুক্তি

(ই) (অ) এবং (আ) দুটোই

(ঈ) কোনোটিই নয়।

(ঠ) যদি কোনো দ্ব্যর্থবোধক আশ্রয়বাক্য থেকে যুক্তির সিদ্ধান্ত নিঃসৃত হয়, তবে যুক্তিটিতে যে দোষ হয়, তার নাম কী?

(অ) পদদ্ব্যর্থতা দোষ

(আ) বাক্যদ্ব্যর্থতা দোষ

(ই) বচনবৈষম্য দোষ

(ঈ) কোনোটিই নয়।

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

(ক) পক্ষতা-র সংজ্ঞাটি বিশ্লেষণ করো।

৫

(খ) অনুমানের পক্ষ, সপক্ষ ও বিপক্ষ দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

৫

(গ) কেবলব্যাতিরেকী লিঙ্গ কাকে বলে? একটি পঞ্চবয়বিশিষ্ট কেবলব্যাতিরেকী অনুমান গঠন করো।

২+৩

(ঘ) সৎপ্রতিপক্ষ হেত্বাভাসের লক্ষণ উদাহরণসহ ব্যাখ্যা করো।

৫

(ঙ) উপমা যুক্তি বলতে কী বোঝো?

৫

(চ) কোপিকে অনুসরণ করে আইনি যুক্তিতে সম্ভাব্যতার প্রয়োগ ব্যাখ্যা করো।

৫

(ছ) আইনের ক্ষেত্রে যুক্তিবৈজ্ঞানিক দোষ কাকে বলে?

৫

(জ) মানহানির মামলার উদাহরণসহ আইনের যথার্থ নিয়ম নির্দিষ্ট করার উপায় ব্যাখ্যা করো।

৫

৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষ দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

১৫

(খ) (অ) হেত্বাভাস কাকে বলে? দীপিকা অনুসরণে আলোচনা করো।

(আ) নিম্নে অনুমানের পক্ষ, সাধ্য ও হেতু নির্ণয় করে কেন তা দুষ্ট তার উল্লেখ করো :

৭+(২×৪)

(১) শব্দ অনিত্য কারণ তা অভিধেয়, যেমন রক্তবর্ণ

(২) পরমাণু অবয়বযুক্ত, যেহেতু তাতে পরমাণুত্ব আছে

(৩) শশশৃঙ্গ কঠিন, কারণ তা শৃঙ্গ

(৪) বহিঃশীতল, যেহেতু তা উষ্ণস্বভাব।

(গ) টীকা লেখো :

৭১/২+৭১/২

(অ) 'পক্ষতা'-র যৌক্তিক ব্যবহার

(আ) যৌক্তিক বিশ্লেষণে 'কারণ'-এর ভূমিকা।

(ঘ) যৌক্তিক বিশ্লেষণের ক্ষেত্রে যুক্তিবৈজ্ঞানিক দোষগুলি ব্যাখ্যা করো।

১৫

(ঙ) 'উচ্চতর আদালতে পুনর্বিচারের জন্য সাধারণত এই দাবি করা হয় যে, কোনো একটি নিয়ম অযথার্থভাবে প্রযুক্ত হয়েছে বা সম্পূর্ণ ভুল নিয়ম প্রযুক্ত হয়েছে।'— এই বিতর্ক সমাধানের উপায় কী? আলোচনা করো।

১৫

[English Version]

The figures in the margin indicate full marks.

1. Mark the correct answer (*any ten*) :

1×10

(a) How many types of Loukika Sannikarṣa are there according to Nyāya Philosophy?

(i) Four types

(ii) Six types

(iii) Eight types

(iv) Ten types

(b) Which sannikarṣa is used in the perceptions of 'Smellness'?

(i) sarhyoga

(ii) samavāya

(iii) sarhyukta samavāya

(iv) sarhyukta samaveta samavāya.

(c) An inference is called _____ when it is based on a middle term which is only positively related to the major term.

(i) kevalānvayī

(ii) kevalavyatirekī

(iii) anvayavyatirekī

(iv) none of these

(d) Sound is eternal because it is audible and sound is non-eternal because it is produced. Here the middle term is

(i) Satpratipakṣa

(ii) Viruddha

(iii) Asādharaṇa

(iv) Svarupāsiddha.

(e) Who has defined anūmiti as 'Parāmarśajanyam jñānaṃ anūmiti'?

(i) Gautam

(ii) Annaṃbhaṭṭa

(iii) Gangeśa Upādhyaya

(iv) Kaṇāda

(f) 'The hill is smoky because it is fiery.'— In this inference 'hill' is

(i) hetu

(ii) sādhyā

(iii) pakṣa

(iv) none of these.

Please Turn Over

- (g) Informative, expressive and directive are three different uses of language in _____ .
(i) law (ii) probability
(iii) logic (iv) literature
- (h) What kind of case is it in which murderer is judged?
(i) Civil (ii) Criminal
(iii) Civil and Criminal (iv) None of these
- (i) An appellate court must _____ and formulate and then _____ the rules of law.
(i) apply, identify (ii) identify, apply
(iii) apply, criticize (iv) identify, criticize
- (j) Which kind of definition is generally used in legal cases?
(i) Persuasive definition (ii) Stipulative definition
(iii) Precising definition (iv) None of these
- (k) What is 'Sophism'?
(i) Apparently true but false argument (ii) Apparently false but true argument
(iii) Both (i) and (ii) (iv) None of these
- (l) What is the name of the fallacy committed in the argument in which the conclusion is derived from ambiguous premises?
(i) Fallacy of equivocation (ii) Fallacy of Amphiboly
(iii) Fallacy of Accent (iv) None of these

2. Answer in brief (**any five**) :

- (a) Analyse the definition of 'pakṣata'. 5
(b) Explain with suitable examples pakṣa, apakṣa and vipakṣa in case of anumāna. 5
(c) What is kevalavyatirekī liṅga? Construct a five membered kevalavyatirekī anumāna. 2+3
(d) Explain with an example the lakṣana of satpratipakṣa hetvābhāsa. 5
(e) What do you mean by analogical argument? 5
(f) Discuss, following Copi, about the application of concept of probability in legal reasoning. 5
(g) What is known as 'Logical fallacies in law'? 5
(h) Explain with an illustration of the law of libel, the method of identifying the rules of law. 5

3. Answer the following questions (**any three**) :

- (a) Explain the different kinds of laukika sannikarṣa with examples. 15

- (b) (i) What is hetvābhāsa? Discuss following Dīpikā.
- (ii) Point out the pakṣa, sādhya and hetu of the following anumānas and mention why they are faulty? 7+(2×4)
- (1) Sound is non-eternal because it is nameable, eg, red colour
 - (2) Atoms have parts, because they have the property of being atoms
 - (3) Hare's horn is hard, as it is a horn
 - (4) Fire is cold, for it is of the nature of heat.
- (c) Write short notes on the following : 7½+7½
- (i) Logical application of the concept of 'pakṣatā'.
 - (ii) Causation in legal reasoning.
- (d) Explain the fallacies involved in logical reasoning. 15
- (e) 'The appeal to a higher court is normally based on the claim that some rule has been applied improperly or that the wrong rule altogether has been applied.' — What is the method of settling this dispute? Discuss. 15
-